**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 16-01-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আত্মনির্ভর ভারত গঠনে স্টার্টআপ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। তিনি নতুন দিল্লির ভারত মণ্ডপমে স্টার্ট আপ ইন্ডিয়া উদ্যোগের এক দশক পূর্তি উপলক্ষ্যে একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন।

২) সরকার সংসদে আসন্ন বাজেট অধিবেশনে বীজ আইন 2026 প্রণয়নের সিদ্ধান্ত নিয়েছে ।

৩) রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদ ইরানের পরিবর্তিত পরিস্থিতি নিয়ে গুরুত্বপুর্ণ বৈঠক করেছে ।

৪) জম্মু ও কাশ্মীরের ভারত-পাকিস্তান সীমান্তে পাকিস্তানি ড্রোন দেখা যাওয়ার প্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে ।

৫) নতুন দিল্লিতে আজ ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের, পুরুষদের সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালে খেলতে নামছেন লক্ষ্য সেন।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আত্মনির্ভর ভারত গঠনে স্টার্টআপ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে । তিনি আজ নতুন দিল্লির ভারত মণ্ডপমে স্টার্ট আপ ইন্ডিয়া উদ্যোগের এক দশক পূর্তি উপলক্ষ্যে একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন ।এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

ভারতের স্টার্টআপ ইকোসিস্টেমের সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন। নির্বাচিত কিছু স্টার্টআপ প্রতিনিধি তাদের কর্ম জীবনের অভিজ্ঞতা থেকে অর্জিত জ্ঞান সকলের সঙ্গে ভাগ করে নেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ‘স্টার্টআপ ইন্ডিয়া’র দশ বছর পূর্তি উপলক্ষে জাতীয় স্টার্টআপ দিবসে স্টার্টআপ গোষ্ঠীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় শ্রীমোদি বিশ্বব্যাপী স্টার্টআপ ইকোসিস্টেমে ভারতের অবস্থানকে শক্তিশালী করা তরুণ প্রজন্মের উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। সংস্কারের পথে চলা ভারতের মহাকাশ ও প্রতিরক্ষা ক্ষেত্রে স্টার্ট আপ সহায়ক পরিবেশ তৈরি করেছে। আত্মনির্ভর ভারত গঠনে স্টার্টআপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন।

--------------------

জাতীয় স্টার্টআপ দিবস উপলক্ষে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেছেন, ভারতের স্টার্ট আপ ইকোসিস্টেম গত ১ দশকে ঐতিহাসিক মাইলফলক স্পর্শ করেছে।

তিনি আজ উদ্যোক্তা, উদ্ভাবনকারী এবং শিল্পপতিদের উদ্দেশ্যে বলেন, ভারতের স্টার্টআপ কর্মসূচি বিশ্বব্যাপী স্বীকৃতি পেয়েছে। ভারত আজ বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেমে পরিণত হওয়ায় তিনি যুবা-শক্তির প্রশংসা করেছেন।

বাইট-পীযুষ গোয়েল

--------------------

২০১৬ সালের ১৬ ই জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের যুগান্তকারী কর্মসুচীর অঙ্গ হিসেবে স্টার্ট আপ ইন্ডিয়া শুরু হয়। এর উদ্যোগের মূল লক্ষ্য ছিল নতুন

প্রজন্মকে উদ্ভাবনে উৎসাহিত করা এবং বিনিয়োগে আরো গতির সঞ্চার করা। এই উদ্যোগের আরো একটি উদ্দেশ্য হলো ভারতকে চাকরিপ্রার্থীর পরিবর্তে চাকরি সৃষ্টিকারীদের একটি জাতিতে পরিণত করা। গত এক দশকে, স্টার্টআপ ইন্ডিয়া ভারতের অর্থনৈতিক ও উদ্ভাবনী কাঠামোর একটি ভিত্তিপ্রস্তর হিসেবে আবির্ভূত হয়েছে।

২০৩০ সালের মধ্যে ৭.৩ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দেশ হিসেবে ভারতকে গড়ে তুলতে এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে নির্দিষ্ট লক্ষ্যপথে এগিয়ে যেতেই এই উদ্যোগ।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল পশ্চিমবঙ্গ ও আসামের মধ্যে সংযোগ স্থাপনকারী বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস সহ বেশ কয়েকটি নতুন ট্রেনের উদ্বোধন করবেন। অন্যান্য ট্রেনগুলির মধ্যে রয়েছে নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল অমৃত ভারত এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লি ‘অমৃত ভারত এক্সপ্রেস’, আলিপুরদুয়ার-এসএমবিটি বেঙ্গালুরু অমৃত ভারত এক্সপ্রেস, আলিপুরদুয়ার-মুম্বাই (পানভেল) অমৃত ভারত এক্সপ্রেস, রাধিকাপুর-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস এবং বালুরঘাট-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তর প্রদেশ এবং মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী যোগাযোগ উন্নত হবে।

--------------------

সরকার আসন্ন বাজেট অধিবেশনে বীজ আইন 2026 আনবে বলে কেন্দ্রীয় কৃষি ও কৃষি কল্যাণ মন্ত্রী শিবরাজ সিংহ চৌহান জানিয়েছেন । নতুন দিল্লিতে আজ

সাংবাদিকদের তিনি বলেন, সরকার নিম্ন মানের নকল বীজ বিক্রি নিয়ন্ত্রণ করতে এই আইন আনছে । এই আইনের অন্যতম লক্ষ্য হল কৃষকদের হাতে যে কোন জলবায়ুতে টেকসই বীজ পৌঁছে দেওয়া ।

-------------------

রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদ গতকাল ইরানের পরিবর্তিত পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করে। সে দেশে সরকার বিরোধী আন্দোলন, মুদ্রাস্ফীতি,শত শত মানুষের মৃত্যু এবং অসংখ্য মানুষের আটক করা নিয়ে সদস্যরা উদ্বেগ প্রকাশ করে। বৈঠকে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানে হত্যাকান্ড প্রসঙ্গে সে দেশকে সতর্ক করে দেয়। এই হত্যাকান্ড অব্যাহত থাকলে তারা যে কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে বলে জানিয়েছে। রাশিয়া ও চীন সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে সংযমের আবেদন জানিয়েছে।এদিকে ইরান সে দেশের অস্থির পরিস্থিতির জন্য বিদেশি শক্তিকেই দায়ী করেছে।

এর ফলে পশ্চিম এশিয়া জুড়েও উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার

মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

--------------------

জম্মু কাশ্মীরের পুঞ্চ ও সম্বা জেলার নিয়ন্ত্রণ রেখায় গতকাল পাকিস্তানি ড্রোন দেখা যাওয়ার প্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। ভারত পাকিস্তান সীমান্তের এই সংবেদনশীল অঞ্চলে উড়তে থাকা সন্দেহজনক ড্রোন দেখা যাওয়ায় সীমান্তে নিরাপত্তা বাহিনীর নজরদারি বৃদ্ধি করা হয়েছে। সরকারি সূত্রে বলা হয়েছে গোটা পরিস্থিতির দিকে তীক্ষ্ণ নজর রাখা হচ্ছে ।

এদিকে, উপত্যকার রাজৌরী জেলার মঞ্জাকোট থানার কাকরা গ্রামে নিরাপত্তা বাহিনীর তল্লাশি অভিযানের সময় একটি বিস্ফোরক IED নিষ্ক্রিয় করা হয় । একটি লুকোনো ব্যাগ পরীক্ষা করে নিরাপত্তা বাহিনী সাড়ে তিন কেজি ওজনের IED নিষ্ক্রিয় করে ।

বোমা নিষ্ক্রিয় করার সময় কোন সম্পত্তি বা প্রাণহানির ঘটনা ঘটেনি।

--------------------

ব্রিটেনের রক্ষনশীল দলের নেতা ও সাংসদ বব ব্ল্যাকমান বাংলাদেশের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । তিনি বলেছেন, সেদেশের সংখ্যালঘু হিন্দুদের হত্যা করে, বাড়িঘর ও মন্দিরে আগুন ধরিয়ে দেওয়া হচ্ছে । House of commons এ, বক্তব্য রাখার সঅময় তিনি বলেন, 12 ই ফেব্রুয়ারি বাংলাদেশে নির্বাচন, কিন্তু সেদেশের গনতান্ত্রিক পরিস্থিতি যথেষ্ট উদ্বেগজনক । ব্ল্যাকমান , ব্রিটেনের বিদেশ সচিবকে বাংলাদেশের সংখ্যালঘুদের সুরক্ষা ও সুষ্ঠুভাবে নির্বাচন করার জন্য পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন ।

--------------------

কলকাতা হাইকোর্টের 44 তম প্রধান বিচারপতি হিসাবে আজ শপথ নিয়েছেন বিচারপতি সুজয় পাল। রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস আজ সকালে তাঁকে শপথ বাক্য পাঠ করান।

শপথগ্রহণ সুজয় পাল

শপথ গ্রহণের পর প্রধান বিচারপতি, দেশের বিচার ব্যাবস্থায় বাঙালি বিচারপতি রাসবিহারী বসু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস প্রমুখের কথা স্মরণ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম, বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব প্রমুখ। এছাড়া রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার ও কলকাতা পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মাও শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেন।

উল্লেখ্য, মধ্যপ্রদেশ হাইকোর্ট থেকে তেলেঙ্গানা হাইকোর্ট হয়ে বিচারপতি সুজয় পাল গত বছর ১৮ জুলাই কলকাতা হাইকোর্টে বিচারপতি হিসাবে যোগ দেন। গত সেপ্টম্বর মাস থেকে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি পদের দায়িত্বভার সামলাচ্ছিলেন তিনি।

--------------------

ভেনেজুয়েলার বিরোধী দলনেত্রী মারিয়া করিনা মাচাদো আজ ওয়াসিংটন ডিসির হোয়াইট হাউস-এ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে দেখা করেন। এই সময় তিনি মার্কিন রাষ্ট্রপতিকে তার নোবেল শান্তি পুরস্কার তুলে দেন। সমাজ মাধ্যমের এক বার্তায়, মার্কিন রাষ্ট্রপতি মাচাদোর প্রশংসা করে এই পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন।

--------------------

পশ্চিমবঙ্গে চলতি SIR প্রক্রিয়ার সময়সীমা ১৯শে জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। নির্বাচন কমিশনের এক নির্দেশিকায় জানানো হয়েছে, SIR সংক্রান্ত পূর্বঘোষিত সময়সূচি পুনর্বিবেচনার সংশ্লিষ্ট রাজ্যগুলির অনুরোধ এবং বাস্তব পরিস্থিতি বিবেচনা করেই এই সময়সীমা বাড়ানো হয়েছে। নির্দেশিকায় পশ্চিমবঙ্গসহ গোয়া-, লাক্ষাদ্বীপ, রাজস্থান ও পুদুচেরির মুখ্য নির্বাচনী আধিকারিকদের অবিলম্বে রাজ্য গেজেটে সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ এবং সময়সীমা বৃদ্ধির বিষয়টি ব্যাপকভাবে প্রচারের নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

লাদাখে, স্পিথুক মঠে দুই দিনের বার্ষিক সন্ন্যাস উৎসব আজ থেকে শুরু হয়েছে। বিশ্ব শান্তি, সমৃদ্ধি ও বিজয়ের জন্য দেবতা ও দেবীর সম্মানে এক সপ্তাহব্যাপী প্রার্থনা ও অনুষ্ঠানের পর এই উৎসব পালিত হয়। স্পিথুক মঠের এই উৎসব হল লাদাখের

বছরের প্রথম সন্ন্যাস উৎসব। আশীর্বাদের জন্য দেবতাদের প্রার্থনা এই উৎসবের প্রধান আকর্ষণ বলে মনে করা হয় ।

-------------------

তেল আভিবে ভারতীয় দূতাবাস, সেখানকার বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে ভারতীয়দের বিশেষ প্রয়োজন ছাড়া ইজরায়েল সফর না করার পরামর্শ দিয়েছে। যেসব ভারতীয় বর্তমানে ইজরায়েলে রয়েছেন, তাঁদের পরিস্থিতির ওপর বিশেষ নজর রাখতে এবং ইজরায়েলী কর্তৃপক্ষের জারি করা নিরাপত্তা সংক্রান্ত নীতি নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছে। জরুরী পরিস্থিতিতে তাঁদের, ভারতীয় দূতাবাসের ২৪ ঘন্টার হেল্পলাইন নাম্বারে যোগাযোগ করতে বলা হয়েছে।

-------------------

নতুন দিল্লিতে আজ ভারতীয় তারকা লক্ষ্য সেন ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতার পুরুষদের সিঙ্গলসে কোয়ার্টার ফাইনালে চীনা তাইপের লিন চুন ইয়ের মুখোমুখি হবেন। এর আগে ইন্দিরা গান্ধী ইনডোর স্টেডিয়ামে শেষ ১৬-র ম্যাচে লক্ষ্য সেন জাপানের কেন্তা নিশিমোতোকে স্টেট গেমে ২১-১৯, ২১-১০ ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে পৌঁছে যান।

-------------------   -------------------